বিলাইছড়ি উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং- ৪৪.০৬.৮৪৮৯.০১০.৩২.০০১.২১–০৭ তারিখ- 05/02/22

## সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা পষিদের আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির সভা আগামী ১৪ /০ ২ /২০২২ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সভাপতিত্বে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি:
১। বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ
২। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি
৩। বিবিধ

05/02/22
(মো. মিজানুল হক)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা:)
ও
সদস্য সচিব
আইন শৃঙ্খলা কমিটি
উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
সেল-০১৮৪৩১৯৭২৯০

বিতরণ (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য):
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
২। উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৩। চেয়ারম্যান, ........................................................................................................ বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৪। জনাব ........................................................................................................
৫। অফিস কপি

05/02/22
সদস্য সচিব
আইন শৃঙ্খলা কমিটি

CamScanner

বিলাইছড়ি উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব উৎপলা চাকমা |
| স্থান | : | সম্মেলন কক্ষ, উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| তারিখ | : | ১৪/০২/২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১০.০০ মিনিট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" তে সন্নিবেশিত |

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতপরঃ উপজেলা আইন শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

| ক্র নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | কার্যবিবরণী পাঠ এবং অনুমোদন:<br>উপজেলা আইন শৃঙ্খলা কমিটির গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। | গত সভার সিদ্ধান্ত সমূহের কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। |
| ২ | আইন শৃঙ্খলা সংক্রান্ত:<br>বিলাইছড়ি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক বলে সভায় জানানো হয়। সভায়ে আরও জানানো হয় যে, মাদক ক্রয়-বিক্রয় ও মাদক পাচার বিরোধী অভিযান অব্যাহত আছে, কিশোর অপরাধ, বাল্য বিবাহ, নারী নির্যাতন, ইভটিজিং, নারী ও শিশু পাচার রোধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রত্যেকটা ইউনিয়নে নিয়মিত বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হচ্ছে। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মেম্বারদের এই বিষয়ে পূর্ণাঙ্গ সহযোগিতা কামনা করা হয়।<br>বিলাইছড়ি উপজেলায় আগত পর্যটকদের আগমণ ও চলাচলের উপর পুলিশ নজরদারী অব্যাহত আছে। তিনি জানান, হাসপাতাল কিংবা যেকোন স্থানে অস্বাভাবিক মৃত্যুর ঘটনা ঘটলে অবশ্যই সাথে সাথে বিলাইছড়ি থানাকে জানাতে হবে। এ লক্ষ্যে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | 1। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে, বাজারে চুরি এবং কিশোর অপরাধ ও মাদক পাচার প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। নারী ও শিশু নির্যাতন, বাল্য বিবাহ ও কিশোর অপরাধ প্রতিরোধে সকলের সহযোগিতা চেয়ে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩। | সন্ত্রাস ও নাশকতা সংক্রান্ত পর্যালোচনা :<br>জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ ও প্রতিকারের বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক স্ব-স্ব ইউনিয়ন পরিষদ সভায় ইমাম, শিক্ষক এবং গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে আলাপ আলোচনা করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। এছাড়া জনসাধারণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিষদ সভায় সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদের বিরূপ দিকগুলো জনগণের সামনে তুলে ধরবেন। ধর্মীয় প্রতিষ্ঠানে জঙ্গিবাদের বিরূপ প্রভাবের বিষয়ে আলোচনা করার উপর গুরুত্বারোপ করা হয়। জঙ্গীবাদ যাতে পুনরায় মাথাচাড়া দিয়ে উঠতে না পারে সে লক্ষ্যে নজরদারীর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | ১। উপজেলায় সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ বিষয়ে কোন তথ্য পেলে তাৎক্ষণিকভাবে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করার এবং মসজিদে খুৎবার সময় ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠান সমূহে প্রার্থনার আগে ও পরে এ বিষয়ে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ইউপি চেয়ারম্যানগণ প্রত্যেক ইউনিয়নে এ বিষয়ে সভা আহবান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪। | বাল্য বিবাহ, নারী ও শিশু পাচার প্রতিরোধ:<br>স্থানীয়ভাবে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও গণ্যমান্য ব্যাক্তিবর্গের সহায়তায় সভা কারতে হবে এবং মেয়েদের বয়স 18 বছরের পূর্বে বিবাহ দেয়া যাবেনা এবং বাল্য বিবাহ রোধে জন্ম সনদ প্রদানে সতর্কতা অবলম্বন করার, নারী ও শিশু পাচার প্রতিরাধ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় গুরুত্ব সহকারে আলোচনা করা হয়। | 1। বাল্য বিবাহ, নারী ও শিশু পাচার রোধ কল্পে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

CamScanner

| | | |
|---|---|---|
| ৫ | **বিবিধ (পর্যটন সংক্রান্ত):** কোন পর্যটক উপজেলায় আসলে কোভিড-১৯ প্রতিরোধে তাকে সরকারি নির্দেশনা মেনে চলতে হবে এবং এ ব্যাপারে প্রয়োজনে আইন প্রয়োগ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | সরকারি বিধিনিষেধ মেনে আগত পর্যটকদের ভ্রমণ নিশ্চিকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জনিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৪/০২/২২

(উৎপলা চাকমা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
আইন শৃঙ্খলা কমিটি
উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং- ৪৪.০৬.৮৪২৯.০২০.০২.০০১.২১-৮০ তারিখ- ১৪/02/22

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
২। উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৩। চেয়ারম্যান, ..............................................................................................
৪। জনাব ................................................................................................ বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৫। অফিস কপি ..............................................................................................

১৪/02/22

(মো. মিজানুল হক)
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
ও
সদস্য সচিব
আইন শৃঙ্খলা কমিটি
উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

CamScanner

## পরিশিষ্ট "ক"

আইন শৃঙ্খলা বিষয়ক কমিটি সভায় উপস্থিতির স্বাক্ষর

তারিখ: ১৪/০২/২২

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব উৎপলা চাকমা | মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি | [signature] |
| ০২ | জনাব সুনীল কান্তি দেওয়ান | চেয়ারম্যান,০১নং বিলাইছড়ি ইউনিয়ন পরিষদ | সদস্য | [signature] |
| ০৩ | জনাব রামা্য চরন মার্মা | চেয়ারম্যান, ২নং কেংড়াছড়ি ইউপি | সদস্য | [signature] |
| ০৪ | জনাব বিদ্যালাল তঞ্চঙ্গ্যা | চেয়ারম্যান,০৩নং বড়থলি ইউনিয়ন পরিষদ | সদস্য | [signature] |
| ০৫ | জনাব মো. নুরুল ইসলাম | প্রধান শিক্ষক,বিলাইছড়ি সরকারী উচ্চ বিদ্যালয় | সদস্য | |
| ০৬ | জনাব নন্দলাল চাকমা | দীঘলছড়ি গ্রামের স্থানীয় বিশিষ্ট ব্যক্তি | সদস্য | [signature] |
| ০৭ | জনাব মো. মিজানুল হক | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভা:) | সদস্য সচিব | [signature] |

CamScanner